



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/9/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**চলমান COVID-19 মহামারীর মধ্যে, গভর্নর কুওমো সংখ্যালঘু সম্প্রদায়গুলিতে পাঁচটি নতুন COVID-19 টেস্টিং ফ্যাসিলিটির ঘোষণা করলেন**

*"নিউ ইয়র্ক ভালবাসে" (New York Loves) প্রচেষ্টার ঘোষণা করলেন সকল সংস্থাগুলি, যেমন পরোপকারী, অ-লাভজনক, দাতব্য সংস্থা এবং অন্যান্য সংস্থা যারা রাজ্যকে সাহায্য বা দান করতে চান, তাদের সমন্বয় করার জন্য*

*ভাইরাস থেকে সেরে ওঠা নিউ ইয়র্কবাসীদের রক্ত দান করতে অনুবোধ করলেন*

*উচ্চ সংখ্যক মৃত্যু সামাল দিতে সহায়তার জন্য অতিরিক্ত অণুজীবক্রিয়া পরিচালকদের আনার জন্য গভর্নর নির্বাহী আদেশ জারি করবেন*

*নিউ ইয়র্ক স্টেটে আরও 10,621টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা রাজ্যব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 159,937-এ নিয়ে আসে; 55টি কাউন্টিতে নতুন ঘটনার সংখ্যা*

চলমান COVID-19 মহামারীর মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ডাউন্সটেটে, প্রাথমিকভাবে সংখ্যালঘু সম্প্রদায়গুলিতে পাঁচটি নতুন টেস্টিং ফ্যাসিলিটির ঘোষণা করলেন। আগামীকাল দুপুর 12:30 মিনিটে ব্রুকলিনে, 2307 বেভারলি রোডের সিয়ান্স পার্কিং লটে একটি ড্রাইভ-থ্রু মোবাইল টেস্টিং ফ্যাসিলিটি খোলা হবে, এবং সোমবার 6 ই এপ্রিল, কুইন্সে 110-00 রকাওয়ে বুলেভার্ডের অ্যাকুয়েডাক্ট রেস ট্র্যাক পার্কিং লটে একটি ড্রাইভ-থ্রু মোবাইল টেস্টিং ফ্যাসিলিটি খোলা হয়েছে। এছাড়াও, রাজ্য দক্ষিণ ব্রক্স; জামাইকা, কুইন্স; আর ব্রাউনসভিল, ব্রুকলিনের স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রগুলিতে তিনটি ওয়াক-ইন ফ্যাসিলিটি খুলছে। এই ওয়াক-ইন ফ্যাসিলিটিগুলি আগামী সপ্তাহে খুলবে এবং শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্ট দ্বারা চলবে।

রাজ্যে এখন পর্যন্ত নয়টি টেস্টিং ফ্যাসিলিটি খুলেছে। এই সাইটগুলি সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ জনসংখ্যার ব্যক্তিদের পরীক্ষায় অগ্রাধিকার দেবে। যেই বাসিন্দারা এই ফ্যাসিলিটিগুলিতে পরীক্ষা করতে চান তাদের 888-364-3065 নম্বরে কল করে অ্যাপয়েন্টমেন্ট করতে হবে।

এছাড়াও, সমস্ত সংস্থাগুলি, যেমন পরোপকারী, অ-লাভজনক, দাতব্য সংস্থা এবং অন্যান্য সংস্থা যারা রাজ্যকে চলমান COVID-19 মহামারীর সময় সাহায্য বা দান করতে চান, তাদের সমন্বয়ে

“নিউ ইয়র্ক ভালোবাসে” (New York Loves) প্রচেষ্টার ঘোষণা করেন গভর্নর। নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি রোজানা রোসাদো এবং স্টেট ডিরেক্টর অফ ননপ্রফিটস ফ্র্যান ব্যারেট এই প্রচেষ্টা এবং যে কোন সম্পদ সংগ্রহ করা হবে তার সমন্বয় সাধন করবেন, এবং যে স্থানীয় সরকারের অতিরিক্ত সাহায্য প্রয়োজন তাদের সাথে কাজ করবেন।

এছাড়াও, গভর্নর COVID-19 থেকে সেরে ওঠা সকল নিউ ইয়র্কবাসীদের অনুরোধ করছেন রাজ্যের সঙ্গে যোগাযোগ করতে এবং রক্তদান করতে। যে সমস্ত ব্যক্তি এই ভাইরাস থেকে সেরে উঠেছেন তাদের রক্তে কনভ্যালেসেন্ট প্লাসমা থাকতে পারে, যার মধ্যে ভাইরাসের বিরুদ্ধে অ্যান্টিবডি রয়েছে এবং সেটি এই ভাইরাসের জন্য একটি চিকিত্সার উন্নয়নে সাহায্য করতে পারে। কিভাবে রক্তদান করবেন সেই সম্পর্কে আরও তথ্য উপলভ্য রয়েছে [এখানে](#)।

গভর্নর কুওমো আরো একটি নির্বাহী আদেশ জারি করবেন যাতে নিউ ইয়র্কে অতিরিক্ত অ্যাক্টিভিটি পরিচালকদের আনা হবে, উচ্চ সংখ্যক মৃত্যু সামাল দিতে সহায়তার জন্য।

"সামাজিক দূরত্বের মাধ্যমে ভাইরাসের বিস্তার কমানোর জন্য আমাদের প্রচেষ্টা ভালো কাজ করছে, কারণ মানুষ তা মেনে চলছে," **গভর্নর কুওমো বলেন।** "দ্রুত পরীক্ষা এবং আমাদের পরীক্ষার ক্ষমতার বৃদ্ধি পুনর্সূচনা করার এবং নতুন অর্থনীতির সেতু হতে চলেছে, কিন্তু আমাদের এটাও নিশ্চিত করতে হবে যে এখন যা হচ্ছে তার শিক্ষা আমরা নিশ্চি কারণ আমরা এখনও এর মধ্য থেকে বেড়িয়ে আসিনি। আমরা আফ্রিকান-আমেরিকান এবং ল্যাটিনো সম্প্রদায়গুলিতে আরো তথ্য সংগ্রহ করতে পরীক্ষার বৃদ্ধি করব এবং নতুন টেস্টিং সাইট খুলব, যাতে আমরা আরো ভাল করে বুঝতে পারি কেন এই ভাইরাসটি মারাত্মক এবং কেন নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে উচ্চ মৃত্যুর হার রয়েছে, এবং আমরা কীভাবে এর মোকাবেলা করতে পারি।"

পরিশেষে, গভর্নর আরও 10,621টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 159,937-এ নিয়ে আসে। মোট 159,937 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	379	37
Allegany	22	1
Broome	105	17
Cattaraugus	17	2
Cayuga	16	2
Chautauqua	18	1
Chemung	59	4
Chenango	55	2

Clinton	40	1
Columbia	70	7
Cortland	16	0
Delaware	37	0
Dutchess	1493	98
Erie	1362	157
Essex	8	1
Franklin	11	1
Fulton	15	1
Genesee	56	9
Greene	28	3
Hamilton	3	1
Herkimer	32	3
Jefferson	42	2
Lewis	6	0
Livingston	26	1
Madison	91	1
Monroe	698	47
Montgomery	28	10
Nassau	20140	1592
Niagara	146	12
NYC	87028	5225
Oneida	158	33
Onondaga	358	11
Ontario	43	4
Orange	4090	225
Orleans	22	6
Oswego	36	3
Otsego	39	1
Putnam	438	35
Rensselaer	79	4
Rockland	6665	252
Saratoga	172	10

Schenectady	167	18
Schoharie	12	0
Schuyler	4	0
Seneca	15	3
St. Lawrence	76	7
Steuben	89	7
Suffolk	17413	1569
Sullivan	294	15
Tioga	17	5
Tompkins	105	6
Ulster	460	38
Warren	40	7
Washington	25	5
Wayne	39	0
Westchester	17004	1117
Wyoming	29	2
Yates	1	0

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)